

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর : ১৪৩৪/২৬

তারিখ : ৩০ সেপ্টেম্বর ২০২৬
১৫ আশ্বিন ১৪৩৩

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/স্টাফ কলেজ
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়: জনতা ব্যাংক পিএলসি. এর Bangla QR কোডভিত্তিক লেনদেনের ফি/চার্জ পুননির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

জনতা ব্যাংক পিএলসি. এর গ্রাহকদের জন্য Bangla QR (Issuer) সংক্রান্ত নির্দেশ বিজ্ঞপ্তি নং-১৪০২, তারিখ: ১৯/০৫/২০২৬ এবং মার্চেন্ট গ্রাহকদের জন্য Bangla QR (Acquire) সংক্রান্ত নির্দেশ বিজ্ঞপ্তি নং-১৪১০, তারিখ: ২৮/০৬/২০২৬ ও নির্দেশ বিজ্ঞপ্তি নং-১৪১৭, তারিখ: ২২/০৭/২০২৬ জারি করা হয়েছে। পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট-২ কর্তৃক পিএসডি-২ সার্কুলার নং-০৩, তারিখ-১০/০৮/২০২৬ ও পিএসডি-২ সার্কুলার লেটার নং-০৬, তারিখ: ১০/০৮/২০২৬ এর নির্দেশনার আলোকে Bangla QR কোডভিত্তিক লেনদেনের ফি/চার্জ ও প্রণোদনা কাঠামো পুননির্ধারণের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় সম্মানিত পরিচালনা পর্ষদের ২৯/০৯/২০২৬ তারিখে অনুষ্ঠিত ৯০৩ তম সভায় স্মারক উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক তা অনুমোদিত হয় যা নিম্নরূপ-

১। Bangla QR কোডভিত্তিক লেনদেনের সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিশোধ ব্যবস্থায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে ব্যাজিক রিটেইল হিসাবের মাধ্যমে অনবোর্ডকৃত ক্ষুদ্র ও প্রান্তিক বিক্রেতা ও সেবা প্রদানকারী মার্চেন্ট পয়েন্টের পাশাপাশি ট্রেড লাইসেন্সধারী অন্য সকল মার্চেন্ট পয়েন্টে সম্পাদিত ২,০০০.০০ (দুই হাজার) টাকা পর্যন্ত প্রতিটি Bangla QR কোডভিত্তিক NPSB প্ল্যাটফর্মের লেনদেনের বিপরীতে মাসিক ভিত্তিতে প্রণোদনা প্রদান করা হবে। এ ক্ষেত্রে, শর্তসাপেক্ষে সংশ্লিষ্ট একুয়ারিং প্রতিষ্ঠানকে (ব্যাংক/এমএফএস/পিএসপি) লেনদেনের পরিমাণের ০.১০% এবং ইস্যুয়িং প্রতিষ্ঠানকে (ব্যাংক/এমএফএস/পিএসপি) লেনদেনের পরিমাণের ০.২০% হারে প্রণোদনা প্রদান করা হবে।

২। ০১ অক্টোবর ২০২৬ হতে Interchange Reimbursement Fee (IRF) ০.০০% (শূন্য শতাংশ) নির্ধারণ করা হলো।

৩। Bangla QR (Acquire) – NPSB Off Us এবং On Us লেনদেনের ক্ষেত্রে আগামী ০১ অক্টোবর ২০২৬ হতে Merchant Discount Rate (MDR) নিম্নবর্ণিত হারে পুননির্ধারণ করা হলো-

লেনদেনের ধরন	মার্চেন্টের ধরন	লেনদেনের পরিমাণ	বাংলাদেশ ব্যাংকের প্রণোদনা	MDR এর নতুন হার	ভেডর ফি	শাখার আয়
NPSB Off Us	ব্যক্তিক রিটেইল হিসাবের মাধ্যমে অনবোর্ডকৃত ক্ষুদ্র ও প্রান্তিক বিক্রেতা ও সেবা প্রদানকারী মার্চেন্ট পয়েন্টের পাশাপাশি ট্রেড লাইসেন্সধারী অন্য সকল মার্চেন্ট পয়েন্ট	২,০০০.০০ টাকা পর্যন্ত	০.১০%	০.০০%	০.১০%	০.০০%
		২,০০০.০০ টাকার উর্ধ্বে	০.০০%	০.১০%	০.১০%	০.০০%
On Us	সকল মার্চেন্ট	যে কোন অংক	০.০০%	০.১০%	০.১০%	০.০০%


৪। বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট-১ কর্তৃক ১৭/০৯/২০২৬ তারিখে জারিকৃত পিএসডি-১ সার্কুলার নং-০৫ এর নির্দেশনার পরিপ্রেক্ষিতে আগামী ০১ অক্টোবর ২০২৬ তারিখ হতে সকল Bangla QR কোডভিত্তিক পেমেন্টের বিপরীতে সম্পাদিত লেনদেনের অর্থ পরবর্তী কর্মদিবস (T+1)-এ পরিশোধের পরিবর্তে সফল লেনদেন সম্পন্ন হওয়ার পর একই দিনে (T+0) এ সংশ্লিষ্ট মার্চেন্টের হিসাবে (প্রযোজ্য ক্ষেত্রে MDR কর্তনের পর) প্রদান করা হবে।

৫। Bangla QR সেবার ক্ষেত্রে ভেডর প্রতিষ্ঠানকে Expenditure Account -Bangla QR বিকলন করে চুক্তি মোতাবেক প্রাপ্য বিল প্রদান করা যাবে।

ইতোপূর্বে জারিকৃত Bangla QR (Issuer) সংক্রান্ত নির্দেশ বিজ্ঞপ্তি নং-১৪০২, তারিখ: ১৯/০৫/২০২৬ এবং Bangla QR (Acquire) সংক্রান্ত নির্দেশ বিজ্ঞপ্তি নং-১৪১০, তারিখ: ২৮/০৬/২০২৬ ও নির্দেশ বিজ্ঞপ্তি নং-১৪১৭, তারিখ: ২২/০৭/২০২৬ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনার বিশ্বস্ত


(মোঃ মনিরুল হক)
উপ-মহাব্যবস্থাপক


(মোঃ হাম্মদ আনিস)
মহাব্যবস্থাপক